# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৩০৩০

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৭. দ্বিতীয় অনুচ্ছেদ - হাদিয়া (উপহার) ও হিবার (অনুদান) প্রসঙ্গে

### আরবী

وَعَن أَبِي عُثْمَانَ النَّهْدَيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «إِذا أعْطى أحدكُم الرَّيْحَانَ فَلَا يَرُدُّهُ فَإِنَّهُ خَرَجَ مِنَ الْجَنَّةِ» . رَوَاهُ التِّرْمِذِيّ مُرْسلا

### বাংলা

৩০৩০-[১৫] আবূ ’উসমান আন্ নাহদী (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের মধ্যে যখন কাউকে সুগন্ধি জাতীয় দ্রব্য দেয়া হয়, তখন সে যেন তা ফিরিয়ে না দেয়। কেননা, তা জান্নাত হতে বের হয়ে এসেছে। (তিরমিযী মুরসালরূপে)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : তিরমিযী ২৭৯১, য‘ঈফাহ্ ৭৬৪, য‘ঈফ আল জামি‘ ৩৮৫, মুখতাসার আশ্ শামায়িল ১৮৯। কারণ সানাদটি মুরসাল।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (الرَّيْحَانَ) নিহায়াহ্ গ্রন্থকার বলেন, তা হলো- সকল শ্রেণীর ঘ্রাণের অন্তর্ভুক্ত প্রত্যেক সুগন্ধিময় উদ্ভিদ। (فَإِنَّه خَرَجَ مِنَ الْجَنَّةِ) অর্থাৎ- এর মূল জান্নাত থেকে এসেছে, সেই সাথে এটা বহনে হালকা, অর্থাৎ- অল্প কষ্ট ও অনুদান। একে ফেরত দেয়া যাবে না। আর অনেক বস্তুই মূলত জান্নাত হতে বের হয়েছে। (তুহফাতুল আহওয়াযী ৭ম খন্ড, হাঃ ২৭৯১)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ ‘উসমান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68357

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন